একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
চলচ্চিত্র অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয়: জাতীয় চলচ্চিত্র পুরস্কারের সুপারিশ প্রদানের জন্য জুরিবোর্ড গঠনের সংশোধিত নীতিমালা।

জাতীয় চলচ্চিত্র পুরস্কার সরকারের জাতীয় পুরস্কারসমূহের মধ্যে অন্যতম একটি পুরস্কার। বিভিন্ন বছরে চলচ্চিত্রের বিভিন্ন শাখায় শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য এ পুরস্কার প্রদান করা হয়ে থাকে। প্রতি বছরের কৃতিত্বের জন্য বিভিন্ন শাখায় এ পুরস্কার প্রদানের পাশাপাশি চলচ্চিত্রে বিশেষ অবদান রাখার জন্য গত তিন বছর যাবত আজীবন সম্মাননা পুরস্কার প্রদান করা হচ্ছে, যা ভবিষ্যতেও অব্যাহত থাকবে। তথ্য মন্ত্রণালয় কর্তৃক সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা এবং চলচ্চিত্র সংশ্লিষ্ট বিশিষ্ট ব্যক্তিদের সমন্বয়ে গঠিত জুরি বোর্ড এ পুরস্কারের জন্য শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করে থাকে। জুরি বোর্ডের এ সুপারিশ অনুমোদনের জন্য জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে উপস্থাপন করা হয়। মন্ত্রিসভা কমিটির অনুমোদনের পর সংশ্লিষ্ট বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কার ঘোষণা করা হয়।

০২। নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হয়:

| ক্রমিক নং | ক্ষেত্র |
|---|---|
| ০১. | আজীবন সম্মাননা |
| ০২. | শ্রেষ্ঠ চলচ্চিত্র |
| ০৩. | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র |
| ০৪. | শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র |
| ০৫. | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক |
| ০৬. | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে |
| ০৭. | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে |
| ০৮. | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে |
| ০৯. | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে |
| ১০. | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে |
| ১১. | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে |
| ১২. | শ্রেষ্ঠ শিশু শিল্পী |
| ১৩. | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার |
| ১৪. | শ্রেষ্ঠ সংগীত পরিচালক |
| ১৫. | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক |
| ১৬. | শ্রেষ্ঠ গায়ক |
| ১৭. | শ্রেষ্ঠ গায়িকা |
| ১৮. | শ্রেষ্ঠ গীতিকার |
| ১৯. | শ্রেষ্ঠ সুরকার |
| ২০. | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ২১. | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার |
| ২২. | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ২৩. | শ্রেষ্ঠ সম্পাদক |
| ২৪. | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ২৫. | শ্রেষ্ঠ চিত্রগাহক |
| ২৬. | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ২৭. | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা |
| ২৮. | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

০৩। জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্তদের সচিব, তথ্য মন্ত্রণালয়-এর স্বাক্ষরে একটি সনদপত্র, সরকার কর্তৃক নির্দিষ্ট/নির্ধারিত একটি স্বর্ণপদক, একটি রেপ্লিকা এবং নগদ অর্থ প্রদান করা হয়।

চলমান পৃষ্ঠা/০২

০৪। বর্তমানে প্রতি বছর কার্যপরিধি নির্ধারণ করে আলাদা আলাদাভাবে জুরি বোর্ড গঠন করা হয়। বিদ্যমান জুরি বোর্ডকে আরো কার্যকর এবং ফলপ্রসূ করে তোলার জন্য জুরি বোর্ড গঠন এবং এ বোর্ডের কার্যপরিধি সুনির্দিষ্ট করে একটি নীতিমালার প্রয়োজন অনুভূত হওয়ায় এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালার আওতায় নিম্নরূপভাবে জুরি বোর্ডের গঠন এবং কার্যপরিধি ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয় সুনির্দিষ্ট করা হলো:

(ক) জুরি বোর্ডের গঠন

(০১) তথ্য মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারির মাধ্যমে প্রতি বছরের চলচ্চিত্র পুরস্কার প্রদানের জন্য জুরি বোর্ড গঠন করবে।

(০২) নিম্নবর্ণিত কর্মকর্তা/ব্যক্তিদের সমন্বয়ে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের সুপারিশ প্রণয়নের জন্য জুরি বোর্ড গঠন করা হবে:

| | |
|---|---|
| ০১. অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয় | : সভাপতি |
| ০২. তথ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের কর্মকর্তা) | : সদস্য |
| ০৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন | : সদস্য |
| ০৪. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | : সদস্য |
| ০৫. চলচ্চিত্র বিষয়ে বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক | : সদস্য |
| ০৬. একজন বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক | : সদস্য |
| ০৭. একজন বিশিষ্ট সংগীত পরিচালক | : সদস্য |
| ০৮. একজন বিশিষ্ট চিত্রগ্রাহক | : সদস্য |
| ০৯. একজন বিশিষ্ট অভিনেতা | : সদস্য |
| ১০. একজন বিশিষ্ট অভিনেত্রী | : সদস্য |
| ১১. একজন গায়ক/গায়িকা | : সদস্য |
| ১২. একজন চলচ্চিত্র গবেষক/সমালোচক | : সদস্য |
| ১৩. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | : সদস্য-সচিব |

(০৩) জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তার পরিবারের কোনো সদস্যের নাম এবং বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বোর্ডের সদস্য থাকতে পারবেন না। একই ক্ষেত্রের অন্য কোনো ব্যক্তি তার স্থলাভিষিক্ত হবেন।

(০৪) বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(খ) জুরি বোর্ডের কার্যপরিধি

জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের জন্য সুপারিশমালা প্রণয়নের জন্য জুরি বোর্ডের কার্যপরিধি হবে নিম্নরূপ:

(০১) একটি জুরি বোর্ড একটি নির্দিষ্ট বছরে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র দেখে সেই বছরের পুরস্কারের জন্য চলচ্চিত্র, শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করবে;

(০২) জুরি বোর্ড গঠনের পর বোর্ড পুরস্কারের জন্য চলচ্চিত্র আহবান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কারের বিবেচনার জন্য চলচ্চিত্র জমা দেওয়ার জন্য অনুরোধ জানাবে;

(০৩) চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সেসব স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(০৪) আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

(০৫) কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেই ক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

(০৬) জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশও প্রদান করবে;

(০৭) জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

(০৮) উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম।

চলমান পৃষ্ঠা/০৩

(গ) পুরস্কারের জন্য বিবেচ্য বিষয়সমূহ

জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের জন্য চলচ্চিত্র, শিল্পী এবং কলা-কুশলীদের নাম সুপারিশের ক্ষেত্রে জুরি বোর্ড নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করবে:

(০১) কেবলমাত্র বাংলাদেশী নাগরিকগণ জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবেন;

(০২) আজীবন সম্মাননা পুরস্কারের জন্য জীবিত ব্যক্তিদেরকে বিবেচনা করা হবে;

(০৩) যৌথ প্রযোজনায় নির্মিত চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে। তবে যৌথ প্রযোজনা চলচ্চিত্রের বিদেশী শিল্পী এবং কলা-কুশলীগণ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না;

(০৪) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের বিবেচনাযোগ্য চলচ্চিত্রকে অবশ্যই বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ছাড়পত্রপ্রাপ্ত এবং বিবেচ্য বছরে প্রেক্ষাগৃহে মুক্তিপ্রাপ্ত হতে হবে। তবে স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্রের ক্ষেত্রে প্রেক্ষাগৃহে মুক্তির কোনো বাধ্যবাধকতা থাকবে না;

(০৫) পুরস্কারযোগ্য প্রতিটি শাখায় গুণগত ও শৈল্পিক মানে শ্রেষ্ঠত্বের ভিত্তিতে পুরস্কারের জন্য বিবেচনা করা হবে;

(০৬) দেশীয় প্রেক্ষাপট, পরিচালকের মৌলিকত্ব ও সৃজনশীলতার স্বাক্ষর বহনকারী চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;

(০৭) জুরি বোর্ডের বিবেচনার জন্য প্রতিটি নৃত্যের জন্য পৃথকভাবে নৃত্য পরিচালকের নাম উল্লেখ করতে হবে। একইভাবে প্রতিটি গানের জন্য পৃথকভাবে গায়ক, গায়িকা এবং সুরকারের নাম উল্লেখ করতে হবে;

(০৮) কাহিনির ক্ষেত্রে দেশী বা বিদেশী লেখক/প্রকাশক এর অনুমতি (কপিরাইট) নিয়ে নির্মিত চলচ্চিত্র জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে;

(০৯) বিদেশী চলচ্চিত্রের কপিরাইট নিয়ে নির্মিত চলচ্চিত্র জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে না; রি-মেক (Remake) চলচ্চিত্রের কাহিনি পুরস্কারের জন্য বিবেচিত হবে না;

(১০) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য অংশগ্রহণকারী কোনো চলচ্চিত্রে সেন্সরবিহীন কোনো দৃশ্য সংযোজন এবং সেন্সরকৃত কোনো অংশ বিয়োজন করা হয়েছে বলে প্রমাণিত হলে সে চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচিত হবে না।

(ঘ) প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি

(০১) পুরস্কার প্রদানের ক্ষেত্রে জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

(০২) জুরি বোর্ডের সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী পাবেন;

(০৩) বিভিন্ন যৌক্তিক প্রয়োজন এবং বাস্তবতা বিবেচনা করে তথ্য মন্ত্রণালয় গঠিত জুরি বোর্ডের সদস্য পরিবর্তন করে বোর্ড পুনর্গঠন করতে পারবে।

স্বাক্ষরিত/-
(মরতুজা আহমদ)
সচিব

নং-৫.০০.০০০০.০২৭.২৩.০১৫.১৪.৬৩০(১০)

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪২১ / ১৭ নভেম্বর ২০১৪

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, তেজগাঁও, ঢাকা।
০৫. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।
০৬. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড, ঢাকা।
০৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. যুগ্ম-সচিব(চলচ্চিত্র) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭/১১/১৪

(জি.এন. নজমুল হোসেন খান)
উপসচিব
ফোন: ৯৫৪০৪৬৩